

# Telephone Conversation between PM and the President of United States of America

April 04, 2020

ভারতের প্রধানমন্ত্রী এবং আমেরিকা সংযুক্ত রাষ্ট্রের প্রধানমন্ত্রীর মধ্যে টেলফোনে কথোপকথন

এপ্রিল 04,2020

আজ আমেরিকা সংযুক্ত রাষ্ট্রের মহামান্য রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সাথে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে বাক্যালাপ হয়েছে। বিশ্বের কুশলতা এবং অর্থনীতির উপরে চলতে থাকা কোভিড-19 অতিমারির প্রভাব নিয়ে দুই নেতা তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন।

সংযুক্ত রাষ্ট্রে জীবনহানীর জন্য প্রধানমন্ত্রী গভীর শোক প্রকাশ করেছেন এবং যারা এখনও এই রোগের জন্য কষ্টভোগ করছেন তাদের দ্রুত আরোগ্য প্রার্থনা করেছেন।

দুই দেশের মধ্যে বিশেষ বন্ধুত্বের সম্পর্কের উপরে জোর দিয়ে প্রধানমন্ত্রী বিশ্বব্যাপী সংকট থেকে একসাথে উদ্ধার হওয়ার লক্ষ্যে ইউএস-এর সাথে ভারতের ঐক্যবদ্ধতার কথা পুনরাবৃত্তি করেছেন। দৃঢ়তা এবং কর্মকারিতার সাথে কোভিড-19-এর মোকাবিলায় ভারত-আমেরিকার অংশীদারিকে সর্বশক্তি দিয়ে বিস্তার করতে দুই নেতা সহমত হয়েছেন।

স্বাস্থ্য এবং আর্থিক ব্যবস্থায় অতিমারির প্রভাবকে প্রশমিত করার জন্য দুই দেশের গৃহীত পদক্ষেপগুলির বিষয়ে তাদের বক্তব্য প্রধানমন্ত্রী এবং ইউএস-এর রাষ্ট্রপতি নিজেদের মধ্যে বিনিময় করেছেন।

এই কঠিন সময়ে শারীরিক এবং মানসিক কুশলতাকে নিশ্চিত করার জন্য যোগা এবং আয়ুর্বেদ(ভারতের পরম্পরাগত ওষুধের ব্যবহার)-এর অনুশীলনের গুরুত্বকে দুই নেতা ছুঁয়ে গেছেন।

বিশ্বব্যাপী কোভিড-19 সংকট সম্পর্কে দুই দেশের আধিকারিকরা নিজেদের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ রাখবেন বলে উভয়ে সহমত হয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 04,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.